

💵 পর্দা একটি ইবাদত

বিভাগ/অধ্যায়ঃ কুরাআন ও হাদীস থেকে পর্দার দলীল রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রথমত: করআন থেকে দলীল

নিম্নে বর্ণিত দীললসমূহ পর্দা ফরযের উজ্জল প্রমাণ এবং যারা মনে করে যে, পর্দা একটি উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত অভ্যাস বা ইসলামের প্রাথমিক যুগের জন্যই মানানসই ছিল, তাদের জন্য দাঁত ভাঙ্গা জবাব। প্রথম দলীল: আল্লাহ তা'আলার বাণী:

"(হে নবী!) ঈমানদার নারীদেরকে বল: তারা যেন তাদের দৃষ্টিকে সংযত করে ও তাদের লজ্জাস্থানের হিফাযত করে, তারা যেন যা সাধারণত; প্রকাশ থাকে তা ব্যতীত তাদের শোভা প্রদর্শন না করে, তাদের গলদেশ ও বক্ষদেশ যেন মাথার কাপড় দ্বারা আবৃত করে, তারা যেন তাদের স্বামী, পিতা (দাদা-নানাসহ), শশুর (দাদা শশুর-নানা শশুরসহ), পুত্র (ও নাতি), স্বামীর পুত্র (নাতিসহ), ভাই (সহোদর ও সংভাই), ভাতিজা, ভাগ্নে, আপন (মুসলিম) নারীগণ, তাদের মালিকানাধীন দাস- দাসী, এমন অধিনস্থ পুরুষ যাদের মধ্যে পৌরুষত্ব বিলুপ্ত এবং নারীদের গোপন অঙ্গ সম্বন্ধে অজ্ঞ বালক ব্যতীত কারো নিকট তাদের শোভা প্রকাশ না করে। তারা যেন সজোরে পদক্ষেপ না নেয় যাতে তাদের গোপন শোভা প্রকাশ পায়। হে মুমিনগণ! তোমরা সবাই আল্লাহর দিকে প্রত্যাবর্তন কর যাতে তোমরা সফলকাম হতে পারো। [সুরা আন-নুর, আয়াত: ৩১]

আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, আল্লাহ প্রথম পর্যায়ের হিজরতকারী মহিলাদের প্রতি অনুগ্রহ করুন: যখন আল্লাহ তা'আলা অবতীর্ণ করেন:

"(তাদের গলদেশ ও বক্ষদেশ যেন মাথার কাপড় দ্বারা আবৃত করে) সাথে সাথে তারা স্বীয় চাদরসমূহ চিরে টুকরা করে তা দ্বারা আবৃত করেন।" (সহীহ বুখারী)

দ্বিতীয় দলীল: আল্লাহ তা'আলা বলেন.

﴿ وَٱلاَقَوٰعِدُ مِنَ ٱلنِّسَآءِ ٱلَّتِي لَا يَرااَجُونَ نِكَاحًا فَلَياسَ عَلَياهِنَّ جُنَاحٌ أَن يَضعَانَ ثِيَابَهُنَّ غَيارَ مُتَبَرِّجُتِ اللَّهُ سَمِيعٌ عَلِيمًا ١٠﴾ [النور: ٦٠]



"আর এমন বৃদ্ধ নারীগণ যারা বিবাহের আশা রাখে না, তাদের জন্য দোষ নেই যদি তারা তাদের শোভা প্রদর্শন না করে তাদের (বাহ্যিক অতিরিক্ত চাদর উড়না) বস্ত্র খুলে রাখে, তবে সংযমী হয়ে বিরত থাকলে তা তাদের জন্য উত্তম। আল্লাহ সর্বশ্রোতা সর্বজ্ঞ।" [সূরা আন-নূর, আয়াত: ৬০]

তৃতীয় দলীল: আল্লাহ তা'আলা বলেন,

﴿ لَأَنَّهُا ٱلنَّبِيُّ قُل لِّأَرْ اَوَ خِكَ وَبِنَاتِكَ وَنِسَآءِ ٱلدَّمُونَ مِنِينَ يُدانِينَ عَلَياهِنَّ مِن جَلْبِيبِهِنَّ اَ ذَٰلِكَ أَدانَىٰٓ أَن يُعارَفانَ فَلَا يُؤاذَيانَ وَكَانَ ٱللَّهُ غَفُورًا رَّحِيمًا ٥٩ ﴾ [الاحزاب: ٥٩]

"হে নবী তুমি তোমার স্ত্রীগণকে, কন্যাগণকে ও মুমিনদের নারীগণকে বল, তারা যেন তাদের উড়না বা চাদরের কিছু অংশ নিজেদের (চেহারা ও বুকের) উপর টেনে দেয়, এতে তাদের চেনা সহজতর হবে, (বুঝা যাবে যে তারা স্বাধীন ও সম্ভ্রান্ত) ফলে তাদেরকে উত্যক্ত করা হবে না। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।" [সূরা আল-আহ্যাব, আয়াত: ৫৯]

চতুর্থ দলীল: আল্লাহ তা'আলা বলেন,

"আর তোমরা স্বগৃহে অবস্থান করবে, প্রাচীন জাহেলী যুগের মতো তোমরা সৌন্দর্য প্রদর্শন করে বেড়াবে না।" [সূরা আল-আহ্যাব, আয়াত: ৩৩]

পঞ্চম দলীল: আল্লাহ তা'আলা বলেন,

"আর যখন তোমরা তাদের নিকট কিছু চাইবে পর্দার অন্তরাল থেকে চাইবে, এ বিধান তোমাদের ও তাদের হৃদয়ের জন্য অধিকতর পবিত্র।" [সুরা আল-আহ্যাব, আয়াত: ৫৩]

Source — https://www.hadithbd.com/books/link/?id=9536

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন